

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
ঢাকা

নং-এডি-পিএন্ডও-৯৮৬/৪৪৫

তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০১৬

প্রেরক : সালেহা মোজাম্মেল
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক : জনাব মোঃ শফিউল আলম
সিনিয়র সহকারী সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

নির্দেশিত হয়ে পোল্যান্ডের রাজধানী ওয়ারশ্-তে "One Week Study Visit to Poland" শীর্ষক প্রশিক্ষণ কোর্সে আপনার অংশগ্রহণের জন্য আগামী ২৫-৩০ সেপ্টেম্বর ২০১৬ পর্যন্ত (ভ্রমণ সময় ব্যতীত) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রেষণ মঞ্জুরি জ্ঞাপন করছি।


০২। উল্লিখিত প্রেষণের শর্তাবলী নিম্নরূপ :-

- ক) প্রেষণের সময় আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে। আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় পাবেন না।
- খ) যাতায়াতের বিমান ভাড়া ও আবাসন ব্যয় আয়োজনকারী কর্তৃপক্ষ বহন করবে। ভ্রমণ কর ও বিমান বন্দর করসহ অন্যান্য স্বয়ং উক্ত ব্যয়ের অন্তর্ভুক্ত না থাকলে পরবর্তীতে উক্ত ব্যয় এই মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেট বরাদ্দের নিম্নলিখিত খাত/উপখাত হতে মেটানো হবে:

৩-১৮১৫-০০০১-৪৮৪৪(খ)

- গ) অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
- ঘ) প্রশিক্ষণ শেষে দেশে ফিরে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন। যথাসময়ে উক্ত প্রতিবেদন পাওয়া না গেলে ভ্রমণের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করেছেন গণ্য করে আপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
- ঙ) উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আপনি আগামী ২৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখ বা এর নিকটবর্তী সময়ে কর্মস্থল ত্যাগ করবেন এবং কোর্স শেষে ০১ অক্টোবর ২০১৬ তারিখ বা এর নিকটবর্তী সময়ে ঢাকার উদ্দেশ্যে যাত্রা করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(সালেহা মোজাম্মেল)

সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)


ফোন : ৯৫৫৫৩২০

নং-এডি-পিএন্ডও-৯৮৬/৪৪৫

তারিখ: ০৮ সেপ্টেম্বর ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/এস.এস.এ/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। বাংলাদেশ দূতাবাস, ওয়ারশ্।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৭। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।


(সালেহা মোজাম্মেল)

সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)